

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৫৯৩

পর্ব-১৭: দণ্ডবিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - চোরের হাত কাটা প্রসঙ্গ

আরবী

عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا قَطْعَ فِي ثَمَرٍ وَلَا كَثَرٍ» رَوَاهُ مَالِكٌ وَالتِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدَ وَالنَّسَائِيُّ وَالدَّارِمِيُّ وَابْنُ مَاجَهُ

বাংলা

৩৫৯৩-[8] রাফি' ইবনু খাদীজ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ গাছের ফল এবং খেজুরের থোড় চুরির অপরাধে কারো হাতে কাটা যাবে না। (মালিক, তিরমিয়ী, আবূ দাউদ, নাসায়ী, দারিমী ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ: মালিক ১৬২৮, তিরমিয়ী ১৪৪৯, আবূ দাউদ ৪৩৮৮, নাসায়ী ৪৯৬০, ইবনু মাজাহ ২৫৯৩, দারিমী ২৩৫০, আহমাদ ১৫৮০৪, ইরওয়া ২৪১৪, সহীহ আল জামি' ৭৫৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম আবূ হানীফার মতে এ হাদীসের আলোকে ফল চুরিতে হাত কাটা যাবে না, চাই তা সংরিক্ষত হোক বা না হোক। এর উপর তিনি ক্নিয়াস করে বলেছেন গোশু/গোশত, দুধ ও পানীয় চুরি করলেও হাত কাটা যাবে না।

আবার অনেকে সংরক্ষিত ফলের ক্ষেত্রে চুরি করলে হাত কাটতে হবে- এটা মালিক ও শাফি'ঈ-এর মত। আর শাফি'ঈ গাছের ঝুলন্ত ফলকে অরক্ষেত হিসেবে তা'বীল করেছেন।

আর মদীনার অধিকাংশ খেজুরের বাগানে কোনো দেয়াল ছিল না।

আর 'আমর বিন শু'আয়ব-এর হাদীসে প্রমাণিত হয়, সুরক্ষিত ফল হাত কাটা হবে যা সামনে আসবে। (মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন